

মানুষের মহাকাশ জয়ের ইতিহাস অত্যন্ত রোমাঞ্চকর। ১৯৬১ সালে সোভিয়েত মহাকাশচারী ইউরি গ্যাগারিন প্রথম মানুষ হিসেবে মহাকাশে যান। তাঁর এই ঐতিহাসিক যাত্রা পৃথিবীর মানুষের সামনে মহাকাশ গবেষণার এক নতুন দিগন্ত খুলে দেয়। এরপর বিভিন্ন দেশের বিজ্ঞানী ও মহাকাশচারীরা মহাকাশ গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ১৯৬৯ সালে মার্কিন মহাকাশচারী নীল আর্মস্ট্রং এবং বাজ অলড্রিন ‘অ্যাপোলো-১১’ অভিযানে চাঁদের মাটিতে পা রাখেন। তাঁদের এই অভিযান মানবসভ্যতার ইতিহাসে একটি উল্লেখযোগ্য ঘটনা। পরে মহাকাশ গবেষণায় নারীরাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ভ্যালেন্টিনা তেরেশকোভা প্রথম নারী হিসেবে মহাকাশে যান। ভারতের মহাকাশ গবেষণার ক্ষেত্রেও বহু মানুষের অবদান রয়েছে। ভারতীয় বংশোদ্ভূত মহাকাশচারী কল্পনা চাওলা মহাকাশ অভিযানে অংশ নিয়ে অসীম সাহস ও নির্ভার পরিচয় দিয়েছিলেন।

মহাকাশচারীরা দীর্ঘ প্রশিক্ষণের পর মহাকাশ অভিযানে অংশ নেন। মহাকাশে তাঁরা পৃথিবীর বায়ুমণ্ডল, বিভিন্ন গ্রহ-নক্ষত্র এবং মহাকাশের পরিবেশ নিয়ে গবেষণা করেন। কৃত্রিম উপগ্রহের সাহায্যে আবহাওয়ার পূর্বাভাস, যোগাযোগ ব্যবস্থা, পৃথিবীর ছবি সংগ্রহ এবং নানা বৈজ্ঞানিক গবেষণা সম্ভব হয়। মহাকাশ অভিযান তাই শুধু রোমাঞ্চকর নয়, মানুষের জ্ঞান ও বিজ্ঞান-প্রযুক্তির অগ্রগতিরও গুরুত্বপূর্ণ মাধ্যম।

প্রশ্নমালা :-

i. প্রথম মানুষ হিসেবে মহাকাশে কে গিয়েছিলেন?

ক) নীল আর্মস্ট্রং খ) ইউরি গ্যাগারিন গ) বাজ অলড্রিন
ঘ) কল্পনা চাওলা ।

ii. ‘অ্যাপোলো-১১’ অভিযানের সঙ্গে কারা যুক্ত ছিলেন?

ক) ইউরি গ্যাগারিন ও কল্লনা চাওলা খ) নীল আর্মস্ট্রং ও বাজ অলড্রিন গ) ভ্যালেণ্টিনা তেরেশকোভা ও ইউরি গ্যাগারিন ঘ) কল্লনা চাওলা ও বাজ অলড্রিন।

iii. প্রথম নারী মহাকাশচারী হিসেবে কে মহাকাশে গিয়েছিলেন?

ক) কল্লনা চাওলা খ) ভ্যালেণ্টিনা তেরেশকোভা গ) মেরি কুরি ঘ) সুনীতা উইলিয়ামস।

iv. কল্লনা চাওলা কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন?

ক) মহাকাশ গবেষণা খ) সমুদ্র গবেষণা গ) কৃষিবিজ্ঞান ঘ) প্রলভত্ব।

v. মহাকাশচারীদের মহাকাশ অভিযানে যাওয়ার আগে কী করতে হয়?

ক) দীর্ঘ প্রশিক্ষণ নিতে হয় খ) শুধুমাত্র বই পড়তে হয়
গ) কোনো প্রস্তুতি নিতে হয় না ঘ) শুধু শারীরিক ব্যায়াম করতে হয়।

vi. কৃত্রিম উপগ্রহের সাহায্যে কোন কাজটি করা সম্ভব?

ক) আবহাওয়ার পূর্বাভাস দেওয়া খ) পাহাড় তৈরি করা গ) সমুদ্রের জল মিষ্টি করা ঘ) পৃথিবীর ঘূর্ণন বন্ধ করা।

vii. মন্তব্য : মহাকাশ অভিযান মানুষের জ্ঞান ও বিজ্ঞান-প্রযুক্তির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

কারণ : মহাকাশ গবেষণার মাধ্যমে পৃথিবী, মহাকাশ এবং বিভিন্ন প্রাকৃতিক ঘটনা সম্পর্কে নতুন তথ্য জানা যায়।

ক) মন্তব্য ঠিক, কারণ ভুল খ) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক গ) মন্তব্য ভুল, কারণ ঠিক ঘ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল।